# 3 Yr. Degree/4 Yr. Honours 5th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG5012 (MAJOR)

**(উনিশ শতকের কথাসাহিত্য ও গদ্যসাহিত্য)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ২×১০=২০

(ক) ''গল্প করা এ বয়সের দোষ''—কোন বয়সের দোষ? কে সেই দোষে দুষ্ট ছিলেন?

(খ) ''বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে''—কাদের দেখে, কার এমন উপলব্ধি হয়েছিল?

(গ) ''সেই চল্লিশজন হাসিলে হাইল্যান্ডের পল্টন ঠকে''—কোন প্রসঙ্গে, কাদের হাসির কথা বলা হয়েছে?

(ঘ) ''উনি ক্ষণজন্মা ছেলে, বেঁচে থাকিলে দিক্‌পাল হইবে''—কে, কাকে কথাগুলি বলেছিলেন?

(ঙ) ''আমরা শাঁখের করাত– যেতে কাটি, আসতে কাটি''—কে, কেন বলেছিল?

(চ) মতিলালকে ইংরেজি শেখাবার জন্যে কার স্কুলে ভর্তি করা হয়েছিল? ''আহা, এরা যেন এক মার পেটের তিনটি ভাই''—তিনটি ভাই-এর নাম লেখো।

(ছ) ''এই বন্দী আমার প্রাণেশ্বর''—কে, কখন কথাগুলি বলেছিল?

(জ) মান্দারণ গ্রাম গড় মান্দারণ নামে পরিচিত হল কেন? ওই গ্রামের পাশ দিয়ে কোন নদী প্রবাহিত হয়েছে?

(ঝ) তিলোত্তমা কার কন্যা? উপন্যাসে তিলোত্তমার বয়স কত বলা হয়েছে?

(ঞ) গজপতি বিদ্যাদিগ্‌গজ কার শিষ্য ছিলেন? তাঁকে কে এই উপাধি দিয়েছিলেন?

(ট) শকুন্তলার পিতা ও পালকপিতার নাম লেখো।

(ঠ) 'বিদ্যাপতির রাধিকা' প্রবন্ধটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন প্রবন্ধ সংকলনে স্থান পেয়েছে? প্রবন্ধটি কবে লেখা হয়েছিল?

(ড) ''পণ্ডিতেরা বলেন তিন পদার্থে কল্পনাজনিত আনন্দের উৎপত্তি হয়''—কোন তিনটি পদার্থের কথা প্রাবন্ধিক উল্লেখ করেছেন?

(ঢ) চন্দ্রগুপ্ত মৌর্য, 'শার্লমান, ফ্রেডেরিক ও পিটরের সঙ্গে উচ্চাসনে বসিতে পারেন' কেন?

(ণ) 'সৌন্দর্য্যতত্ত্ব' প্রবন্ধে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী 'সুন্দর'-এর কী সংজ্ঞা দিয়েছেন?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) শকুন্তলার ক্রমবিকাশে অনসূয়া ও প্রিয়ংবদা চরিত্রদুটির গুরুত্ব তোমাদের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'দুর্গেশনন্দিনী' উপন্যাসে বিমলা চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা আলোচনা করো।

(গ) মতিলাল কীভাবে মতিলালবাবু হয়ে উঠল তার পরিচয় দাও।

(ঘ) কোলদের বিবাহ প্রসঙ্গে লেখকের যে অভিজ্ঞতা হয়েছিল তা 'পালামৌ' কাহিনি অবলম্বনে লেখো।

(ঙ) "ভারতেতর দেশের ভারবাহী পশু"— 'ভারবাহী পশু' বলতে কাদের নির্দেশ করা হয়েছে? তাদের উন্নতি কী প্রকারে সম্ভব বলে প্রাবন্ধিক মনে করেছেন তা লেখো।

(চ) মতিলালের সংস্কৃত ও পারসি শিক্ষাগ্রহণের পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=২০

(ক) ঐতিহাসিক রোমান্স হিসেবে 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের সার্থকতা বিচার করো।

*অথবা,*

'আলালের ঘরের দুলাল' রচনায় ঠকচাচা চরিত্র চিত্রণে লেখকের মুনশিয়ানার পরিচয় দাও।

(খ) ভ্রমণকাহিনি হিসেবে 'পালামৌ' রচনার সার্থকতা বিচার করো।

*অথবা,*

'প্রাচীন ভারতবর্ষের রাজনীতি' প্রবন্ধে রাজার গুণ বিষয়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় নারদ বাক্যে যেসব কথাগুলি বলেছেন, তা নিজের ভাষায় লেখো।

———